যুগান্তর

তারিখ ....6 FEB 2017...
পৃষ্ঠা ..৬.. কলাম ..৬.......

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# ১২ দিন পর ক্লাসে ফিরছেন শিক্ষকরা

**কুমিল্লা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি**

কুমিল্লা বিশ্ববিদ্যালয় (কুবি) শিক্ষক সমিতির লাগাতার ক্লাস ও পরীক্ষা বর্জন কর্মসূচিতে টানা ১২ কার্যদিবসের পর আগামী মঙ্গলবার থেকে ক্লাস ও পরীক্ষায় ফিরে যাচ্ছেন শিক্ষকরা। এদিকে ক্লাস-পরীক্ষার দাবিসহ ১১ দফা দাবিতে আন্দোলনরত শিক্ষার্থী বায়েজিদ ইসলাম গল্পের হাতে শিক্ষক লাঞ্ছিত হওয়ার ঘটনায় বায়েজিদকে সাময়িক বহিষ্কার করেছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। সেই সঙ্গে ইংরেজি বিভাগের শিক্ষক এমএম শরীফুল করিমকে বিভাগের বিভাগীয় প্রধানের দায়িত্ব থেকে বিরত রাখা হয়েছে। রবিবার বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার স্বাক্ষরিত এক অফিস আদেশের মাধ্যমে এসব তথ্য জানা যায়। রোববার সন্ধ্যা ৭টায় শিক্ষক সমিতির কার্যনির্বাহী সভা শেষে ক্লাস ও পরীক্ষা চালুর বিষয়টি জানান সমিতির সাধারণ সম্পাদক।